# সংবাদ

তারিখ ... 29 NOV 2016 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৩ ...

ফুলবাড়িয়ায় শিক্ষক নিহত

## শিক্ষা মন্ত্রণালয়ের তদন্ত কমিটি গঠন

নিজস্ব বার্তা পরিবেশক

জাতীয়করণের দাবিতে আন্দোলন করা ময়মনসিংহের ফুলবাড়িয়া ডিগ্রি কলেজের শিক্ষক ও পথচারী হতাহতের ঘটনায় তিন সদস্যের তদন্ত কমিটি গঠন করেছে শিক্ষা মন্ত্রণালয়। এ কমিটি গতকালই তদন্ত কাজ শুরু করেছে।

গতকাল শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের নির্দেশে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের মহাপরিচালক প্রফেসর ড. এসএম ওয়াহিদুজ্জামান এ তদন্ত কমিটি গঠন করেন।

শিক্ষা অধিদফতরের পরিচালক (কলেজ ও প্রশাসন) প্রফেসর মোহাম্মদ শামছুল হুদাকে প্রধান করে এ কমিটি গঠন করা হয়।

এ ব্যাপারে শিক্ষামন্ত্রী গতকাল সাংবাদিকদের জানান, 'তদন্ত কমিটি ইতোমধ্যেই কার্যক্রম শুরু করেছে। এই তদন্ত কমিটি কেবল শিক্ষক, শিক্ষা ও এ সংক্রান্ত বিষয় খতিয়ে দেখবে। তবে অপরাধ ও মামলার বিষয়টি আইনশৃঙ্খলা বাহিনীর এখতিয়ার।'

গত রোববার ময়মনসিংহের ফুলবাড়িয়া ডিগ্রি কলেজ জাতীয়করণের দাবিতে আন্দোলনের সময় আইনশৃঙ্খলা বাহিনীর সঙ্গে আন্দোলনকারীদের সংঘর্ষ হয়। সংঘর্ষের ঘটনায় শিক্ষকসহ ২ জন মারা যান। পুলিশের দাবি তাদের হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে মৃত্যু হয়।